

## 🔳 আয-যারিয়াত | Adh-Dhariyat | ٱلذَّارِيَات

আয়াতঃ ৫১:১৯

💵 আরবি মূল আয়াত:

## وَ فِي آموَالِهِم حَقٌّ لِّلسَّآئِلِ وَ المَحرُومِ ﴿١٩﴾

## 

আর তাদের ধনসম্পদে রয়েছে প্রার্থী ও বঞ্চিতের হক। — আল-বায়ান

এবং তাদের ধন-মালে আছে যাঞ্জাকারী ও বঞ্চিতদের অধিকার (যা তারা আদায় করত)। — তাইসিরুল

এবং তাদের ধন সম্পদে রয়েছে অভাবগ্রস্ত ও বঞ্চিতের হক। — মুজিবুর রহমান

And from their properties was [given] the right of the [needy] petitioner and the deprived. — Sahih International

- ১৯. আর তাদের ধন-সম্পদে রয়েছে ভিক্ষুক ও বঞ্চিতের হক।(১)
  - (১) المحروم।বলে এমন দরিদ্র অভাবগ্রস্তকে বোঝানো হয়েছে, যে নিঃস্ব ও অভাবগ্রস্ত হওয়া সত্বেও ব্যক্তিগত সম্মান রক্ষার্থে নিজের অভাব কারও কাছে প্রকাশ করে না। ফলে মানুষের সাহায্য থেকে বঞ্চিত থাকে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

- (১৯) এবং তাদের ধন-সম্পদে রয়েছে ভিক্ষুক ও বঞ্চিতের হক। [1]
  - [1] বঞ্চিত হল এমন অভাবীরা, যারা চাওয়া থেকে বিরত থাকে। তাই পাওয়ার যোগ্য হওয়া সত্ত্বেও লোকে তাদেরকে দেয় না। অথবা এমন ব্যক্তি যার সব কিছু আকাশ বা পৃথিবী থেকে আগত কোন দুর্যোগ বা আপদে নষ্ট হয়ে গেছে।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4694

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন